

সংস্করণ

তারিখ

পৃষ্ঠা ৩ কলাম

নাম পরিবর্তনের সিদ্ধান্তে বাক্বি উত্তপ্ত : ভাংচুর বোমাবাজি আশুন গুলি

মোঃ জাহেদুল আলম রুবেল, বাক্বি থেকে

হঠাৎ করে ফুসে উঠেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। গতকাল সোমবার রাতে আন্তর্জাতিকভাবে স্বীকৃতিপ্রাপ্ত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন হয়ে ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় করা হবে- এই সংবাদ শোনার পর

উত্তপ্ত : পৃষ্ঠা- ১০ কলাম : ১

উত্তপ্ত : বাক্বি

ক্যাম্পাসের পরিস্থিতি অশান্ত হয়ে ওঠে। গভীর রাত পর্যন্ত ক্যাম্পাসে ব্যাপক ভাংচুর, বোমাবাজি, অগ্নিসংযোগ ও ফাঁকা গুলিবর্ষণের ঘটনা ঘটেছে। সর্বদলীয় ছাত্রােকার সব ক্লাস ও পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য বর্জনের ঘোষণা দিয়েছে।

রাত ৮টার ইটিভির খবর, থেকে মন্ত্রিপরিষদের নীতিগত সিদ্ধান্ত অনুসারে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তনের খবর গোটা ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে ছাত্রছাত্রী, কর্মকর্তা, কর্মচারীরা বিক্ষোভে ফেটে পড়ে। বিভিন্ন হল থেকে ছাত্রছাত্রীরা সর্বদলীয় ছাত্রােকার ব্যানারে মিছিল বের করে ক্যাম্পাসে ব্যাপক তাওব চালায়। ভাংচুর করা হয় লাইব্রেরি ও প্রশাসন ভবন। এ সময় বিক্ষোভকারীরা সুলতানা রাজিয়া হলের সামনে প্রষ্টর ও ছাত্র বিষয়ক উপদেষ্টার একটি মাইক্রোবাস ভাংচুর করে। ক্যাম্পাসে ব্যাপক পুলিশ মোতায়েন করা হলেও বর্তমান পরিস্থিতি পুলিশ ও প্রশাসনের নিয়ন্ত্রণে নেই। রাত ১০টায় বিজয় ৭১ পাদদেশে উপাচার্য প্রফেসর মুস্তাফিজুর রহমান উত্তেজিত ছাত্রছাত্রীদের শান্ত করার চেষ্টা করলে বিক্ষোভকারীরা আরও উত্তেজিত হয়ে পড়ে।